



ফরিদপুর-বরিশাল মহাসড়কে বাস-ট্রাক সংঘর্ষ, নিহত ২, আহত ৩০

written by Chandradip News24 | January 12, 2025

ফরিদপুরের নগরকান্দা উপজেলার বাশাগাড়ি এলাকায় ফরিদপুর-বরিশাল মহাসড়কে বাস ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষে দুই যাত্রী নিহত হয়েছেন। দুর্ঘটনাটি ঘটে রোববার (১২ জানুয়ারি) সকাল ৮টার দিকে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে জানা যায়, কুষ্টিয়া থেকে ফরিদপুরগামী আরিফ মীম পরিবহনের একটি বাস বাশাগাড়ি এলাকায় পৌঁছালে, বিপরীত দিক থেকে আসা একটি ট্রাকের সঙ্গে প্রচণ্ড গতিতে সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই বাসের দুই যাত্রী মারা যান এবং অন্তত ৩০ জন যাত্রী আহত হন।

আহতদের তাৎক্ষণিকভাবে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়েছে। গুরুতর আহতদের মধ্যে বেশ কয়েকজনের অবস্থা সংকটাপন্ন বলে হাসপাতাল সূত্রে জানা গেছে।

ফরিদপুর ফায়ার সার্ভিস স্টেশনের সিনিয়র স্টেশন অফিসার নজরুল ইসলাম বলেন, “খবর পাওয়ার সঙ্গে সঙ্গে দ্রুত ঘটনাস্থলে উপস্থিত হয়ে উদ্ধার কার্যক্রম শুরু করি। আহতদের হাসপাতালে পাঠানোর পাশাপাশি বাসের ভেতরে আর কোনো যাত্রী আটকে আছেন কিনা তা

নিশ্চিত করে আমরা তল্লাশি সম্পন্ন করি।”

দুর্ঘটনায় নিহতদের পরিচয় এখনও নিশ্চিত করা যায়নি। আহতদের মধ্যে অনেকে মানসিকভাবে বিপর্যস্ত। পুলিশ জানিয়েছে, নিহত ও আহতদের পরিবারের সঙ্গে যোগাযোগের চেষ্টা চলছে।

বেপরোয়া গতি ও নিয়ম ভঙ্গের কারণে মহাসড়কে দুর্ঘটনার ঘটনা বাড়ছে বলে সংশ্লিষ্টরা উদ্বেগ প্রকাশ করেছেন। সড়ক পরিবহনে শৃঙ্খলা আনতে সবাইকে সচেতন হওয়ার আহ্বান জানান প্রশাসন।

“মো: তুহিন হোসেন,
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম”